সংবাদ

তারিখ 7 AUG 2017
পৃষ্ঠা ১২ কলাম ৫

# প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য চ্যালেঞ্জ ফান্ড উদ্বোধন



প্রধানমন্ত্রী কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যৌথ আয়োজনে গত ৩০ জুলাই প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য "ইনক্লুসিভ ইউনিভার্সিটি বাস্তবায়নে চ্যালেঞ্জ ফান্ড-২০১৭" এর উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী।

নুরুল ইসলাম নাহিদ অনুষ্ঠানে বলেন কারিগরি সহযোগিতার মাধ্যমে চ্যালেঞ্জ ফান্ড নতুন নতুন উদ্ভাবনে ব্যাপক অবদান রাখবে বলে আমরা বিশ্বাস করি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের ডিন এবং এ উদ্যোগের প্রতিনিধি প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহমেদ। এটুআই প্রোগ্রামের পরিচালক (ইনোভেশন) ও যুগ্ম সচিব মোঃ মোস্তাফিজুর রহমান চ্যালেঞ্জ ফান্ড প্রতিযোগিতা সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন।

উল্লেখ্য, সকলের জন্য সুশিক্ষা নিশ্চিত করতে এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার পথ সুগম করতে ইনক্লুসিভ ইউনিভার্সিটি তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অগ্রনী ভূমিকা পালন করছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে বাংলাদেশের সর্বপ্রথম ইনক্লুসিভ ইউনিভার্সিটি হিসেবে ঘোষণা দেয়ার ভিশনকে সামনে রেখে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা হয়েছে। তন্মধ্যে কারিগরী ভিত্তিক সমাধানের জন্য ৩টি চ্যালেঞ্জ নির্বাচন করে এটুআই প্রোগ্রাম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথভাবে এই চ্যালেঞ্জ ফান্ড প্রতিযোগিতার আয়োজন করেছে। এই প্রতিযোগিতার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য ক্লাস নোট এবং লেকচার অ্যাক্সিসেবল করা, প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশিত সকল শিক্ষাগত এবং প্রশাসনিক তথ্য ও বিজ্ঞপ্তি অ্যাক্সিসেবল করা এবং শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান অবকাঠামো পরিবর্তন না করে বিভিন্ন ভবনে প্রবেশ অ্যাক্সিসেবল করা এই ৩টি চ্যালেঞ্জের উদ্ভাবনী সমাধান আহবান করা হয়েছে। উদ্ভাবনী সমাধানের ক্ষেত্রে বাস্তবসম্মত ও বাস্তবায়ন উপযোগী সমাধান নির্বাচন করা হবে এবং সেটি প্রচলিত বা বিদ্যমান সমাধান থেকে আলাদা হতে হবে। http://www.challenge.gov.bd/ inclusiveuniversity লিঙ্কে ভিজিট করে চ্যালেঞ্জ ফান্ডের আরো বিস্তারিত তথ্য পাওয়া যাচ্ছে এবং অনলাইনে সমাধান দাখিল করা যাচ্ছে। আবেদন জমাদানের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর ২০১৭ নির্ধারণ করা হয়েছে। সারা দেশ থেকে যে কোনো প্রতিষ্ঠান/ কনসোর্টিয়াম আবেদন করতে পারবে এবং উদ্ভাবনী সমাধান পাইলটিং এর জন্য সর্বোচ্চ ২৫ লাখ টাকা প্রদান করা হবে।

অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ডিন ও চেয়ারম্যানবৃন্দ, কারিগরি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, প্রতিবন্ধী শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ ড.এল.পি বিভাগ
সিনিয়র এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর